দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 04 AUG 2015 ...
পৃষ্ঠা ... ২০ কলাম ... ৬ ...

# প্রশ্ন ফাঁসের অভিযোগে ৩ শিক্ষক গ্রেফতার, অধ্যক্ষ পলাতক

■ ইত্তেফাক রিপোর্ট

ফেসবুকের মাধ্যমে প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িত থাকার অভিযোগে রাজধানীর একটি বেসরকারি কলেজের তিন শিক্ষককে গ্রেফতার করা হয়েছে। একই অভিযোগে ওই কলেজের অধ্যক্ষ পলাতক রয়েছেন। গতকাল মিন্টো রোডের ডিএমপির মিডিয়া সেন্টারে এক সাংবাদিক সম্মেলনে গোয়েন্দা বিভাগের (ডিবি) যুগ্ম কমিশনার মো. মনিরুল ইসলাম এ তথ্য জানান।

মো. মনিরুল ইসলাম বলেন, গ্রেফতার হওয়া তিন শিক্ষক হলেন- নাজমুল, হাসান ও কামরুল। এরা ডেমরার গোলাম মোস্তফা মডেল কলেজের শিক্ষক। এ চক্রের প্রধান একই কলেজের অধ্যক্ষ শামীম শিকদার। তিনি এইচএসসি পরীক্ষার সময় কলেজে আসা প্রশ্নপত্র দুই ঘণ্টা আগেই কয়েকজন ছাত্রদের মধ্যে বিতরণ করতেন। পরে ঐ ছাত্ররা মূল পরীক্ষায় অংশ নিতো। শামীম পলাতক রয়েছেন। পুলিশ তাকে আটকের চেষ্টা করছে।

তিনি জানান, ফেসবুকের মাধ্যমে প্রশ্নপত্র ফাঁস, উত্তরপত্র জালিয়াতি প্রতারক চক্রের ছয় জনকে গত জুলাইয়ে গ্রেফতার পৃষ্ঠা ২ কলাম ৭

## প্রশ্ন ফাঁসের

২০ পৃষ্ঠার পর

করা হয়। এদের মধ্যে রায়হান চৌধুরী ওরফে ড্যান ব্রাউনের আদালতে দেয়া জবানবন্দির সূত্র ধরে ওই তিন শিক্ষককে গ্রেফতার করা হয়। তাদের কাছ থেকে ইন্টারনেট (ওয়েবসাইট ও ফেসবুক) পরিচালনা ও প্রশ্নপত্র আদান-প্রদান করার কাজে ব্যবহৃত ১টি সিম্ফনি ট্যাব, ৬টি বিভিন্ন ব্র্যান্ডের মোবাইল সেট (যার মেমোরিতে প্রশ্নপত্র পাওয়া গেছে) উদ্ধার করা হয়।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে তারা জানিয়েছে, তারা প্রত্যেক পরীক্ষার আগেই ইন্টারনেটের মাধ্যমে প্রশ্নপত্র সংগ্রহ করে ও ফেসবুক-ইনবক্স ও গ্রুপ এর মাধ্যমে বন্ধুদের মধ্যে বিতরণ করে থাকে। চলমান প্রত্যেকটি পরীক্ষার প্রশ্নপত্র তারা পেয়েছে। তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।